গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ

সংস্থাপন শাখা

www.jhenaidah.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৪.৪৪০০.০১২.১১.০০৩.২১-৮৩

তারিখ : ০৮ চৈত্র ১৪২৭
২২ মার্চ ২০২১

নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৪.১১.২০২০ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০১১.১৬-২১০ নং স্মারকের ছাড়পত্রের প্রেক্ষিতে এবং বিভাগীয় বাছাই কমিটির, খুলনার ১৮-০২-২০২১ খ্রিঃ তারিখের ০৫.৪৪.০০০০.০১২.৩৬.০৮৮.১৯.০৮(১৭) নং স্মারকমূলে জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ ও অধীনস্থ অফিসসমূহের নিম্নবর্ণিত শূন্য পদে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত নিম্নোক্ত শর্তে ঝিনাইদহ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত চাকরির নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
০১	সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর	গ্রেড-১৩ ১১০০০-২৬৫৯০/-	০৩(তিন)টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী; (খ) ওয়ার্ড প্রসেসিং স্প্রেডসিট প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা ও কম্পিউটার হার্ডওয়্যার বিষয়ে বেসিক ধারণ থাকতে হবে; (গ) সাঁটলিপিতে প্রতিমিনিটে গতি ন্যূনতম ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৮০ ও ৫০ শব্দ, কম্পিউটার কম্পোজে প্রতিমিনিটে বাংলায় ন্যূনতম ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি থাকতে হবে।
০২	সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর	গ্রেড-১৪ ১০২০০-২৪৬৮০/-	০৪(চার)টি	(ক) কোন স্বীকৃত বিশ্ব বিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী; (খ) ওয়ার্ড প্রসেসিং স্প্রেডসিট প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা ও কম্পিউটার হার্ডওয়্যার বিষয়ে বেসিক ধারণ থাকতে হবে; (গ) সাঁটলিপিতে প্রতিমিনিটে গতি ন্যূনতম ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৭০ ও ৪৫ শব্দ, কম্পিউটার কম্পোজে প্রতিমিনিটে বাংলায় ন্যূনতম ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি থাকতে হবে।
০৩	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/-	০৫(পাঁচ)টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word Processing/ Data Entry ও Typing সর্বনিম্ন গতি প্রতিমিনিটে কম্পিউটার লিখনে বাংলা ২০ ও ইংরেজীতে ২০ শব্দের গতি থাকতে হবে।
০৪	সার্টিফিকেট সহকারী	গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/-	০১(এক)টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা;
০৫	হিসাব সহকারী	গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/-	০১(এক)টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা;

আবেদনের শর্তাবলী

০১	প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও ঝিনাইদহ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
০২	প্রার্থীকে স্ব-হস্তে আবেদন করতে হবে।
০৩	সরকার কর্তৃক চাকুরির নির্ধারিত আবেদন ফরম সভাপতি, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা ও বিভাগীয় কমিশনার, খুলনাকে সম্বোধন করে আগামী ১১.০৪.২০২১ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালে জেলা প্রশাসক, ঝিনাইদহ এঁর কার্যালয়ে ডাকযোগে পৌছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য নয়। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের www.forms.gov.bd ওয়েবসাইটে অথবা জেলা প্রশাসক, ঝিনাইদহ এর ওয়েবসাইট www.jhenaidah.gov.bd হতে সংগ্রহ করা যাবে।
০৪	নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা ও চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।
০৫	প্রার্থীর বয়সসীমা ১১.০৪.২০২১ খ্রিঃ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা অথবা-পুত্র-কন্যার পুত্র এবং এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
০৬	আবেদনপত্রের সহিত নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।
	ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্যতোলা ০৩ (তিন) কপি ৫×৫ সেন্টিমিঃ আকারে রঙিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে এবং ০২(দুই) কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবি দাখিল করতে হবে। সত্যায়ন কর্মকর্তার নাম, পদবিযুক্ত স্পষ্ট সীল থাকতে হবে।
	খ) সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
	গ) শিক্ষাগত যোগ্যতা ও সকল অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নাম যুক্ত সীল দ্বারা সত্যায়িত)।
	ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাম যুক্ত সীল দ্বারা চারিত্রিক সনদপত্র।
	ঙ) প্রার্থী শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার পোষ্য হলে মুক্তিযোদ্ধা কোটায় আবেদিত চাকুরি প্রার্থীদেরকে নির্ধারিত ফরমের সাথে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত তথ্যাদি পূরণপূর্বক সনদের সত্যায়িত কপি আবেদন ফরমের সাথে দাখিল করতে হবে।

প্রার্থীর নাম	মুক্তিযোদ্ধার নাম	মুক্তিযোদ্ধার পিতার নাম	মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা	মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ	মুক্তিযোদ্ধার সনদ নম্বর মুক্তিবার্তা নম্বর ও তারিখ	গেজেট নম্বর ও তারিখ	মন্ত্রণালয়ের সনদ নম্বর তারিখ ও স্মারক নম্বর	বামুস সনদ নম্বর ও তারিখ	মুক্তিযোদ্ধার নাতি-নাতনী দাবী করার ক্ষেত্রে, প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র, এবং মুক্তিযোদ্ধার সাথে সম্পর্কের বিষয়ে সনদপত্র	মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র, পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক	মন্তব্য
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭	০৮	০৯	১০	১১	১২

	চ) ট্রেজারী চালানের মাধ্যমে পরীক্ষার ফি বাবদ কোড নং ১-০৭৪২-০০০০-২০৩১ তে ১০০/-(একশত) টাকা জমা প্রদান করে ট্রেজারি চালানের মূলকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
	ছ) পদের নাম ও প্রার্থীর নাম ঠিকানা সংবলিত ১০/-(দশ) টাকার ডাক টিকিট লাগানো ০১(এক)টি ১০ ইঞ্চি×৪.৫ ইঞ্চি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
০৭	বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র এবং ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
০৮	চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। এ ক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
০৯	সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধার সন্তান/মহিলা/আনসার ভিডিপি/এতিম/শারিরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র-নৃগোষ্ঠি প্রার্থীদের জন্য কোটা সংক্রান্ত সরকারি বিধি বিধান অনুসরণ করা হবে। এ ক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রমান সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।
১০	কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল এবং তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১১	লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ/শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদ, কম্পিউটার ও শর্টহ্যান্ড এর প্রমাণস্বরুপ ও কোটা সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূলকপি উপস্থাপন/দাখিল করতে হবে।
১২	নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবীর প্রার্থীর যোগ্যতার পরিপন্থি বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।
১৩	কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
১৪	প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

মোঃ মজিবর রহমান
জেলা প্রশাসক
ঝিনাইদহ

CR 251-336/21(16×4)